গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ salim4035@gmail.com

স্মারক নং-৪১.০২.০০০০.০০৬.০০.০৯২.২০১৭- ৫৭০

১০ জ্যৈষ্ঠ ১৪২৫
২৪ মে ২০১৮

বিষয় ঃ ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের নিমিত্ত চুক্তির খসড়া প্রস্তুতপূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্ররণ করা হলো।

সংযুক্তি ঃ ১৮ (আঠার) পাতা।

২৪/০৫/২০১৮
(মাহমুদা মিন আরা)
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ ৮০৩৫০৫২

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়ে
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন এর বার্ষিক কর্মসম্পদনের সার্বিক চিত্র ১

প্রস্তাবনা ২

সেকশন ১: ফাউণ্ডেশন এর রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী ৩

সেকশন ২: ফাউণ্ডেশন এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৪

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য , অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৫

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) ১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৩

মোঃ আবু হানিফ বেপারী
ব্যক্তিগত কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

শেখ হামিম হাসান
(উপ সচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের মাধ্যমে দেশের ৬৪টি জেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ১২ লক্ষ জন প্রতিবন্ধী ব্যক্তিকে বিনামূল্যে চিকিৎসা ও থেরাপি সেবা এবং প্রায় ১০ হাজার প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯ এর আওতায় দেশের ৬২টি বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের ৮১৯ শিক্ষক-কর্মচারীর ১০০% বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে। ৭ হাজার ৭ শত ০৯ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর বিশেষ শিক্ষা প্রদান কার্যক্রম চলমান আছে। কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেলে ৩২ জন প্রতিবন্ধী ব্যক্তির আবাসন নিশ্চিত করা হয়েছে। অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রায় ১০ হাজার জনকে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশনকে প্রতিবন্ধী উন্নয়ন অধিদপ্তরে রূপান্তরের কাজ চলমান রয়েছে। জাতীয় প্রতিবন্ধী কমপ্লেক্স নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য একটি ক্রীড়া কমপ্লেক্স নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে সুবিধাভোগীদের একটি কেন্দ্রীয় ডিজিটাল তথ্যভাণ্ডারের আওতায় আনয়ণ এবং ই-সার্ভিসের মাধ্যমে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ের মধ্যে দক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় কাঙ্ক্ষিত মানের সেবা পৌঁছে দেয়া। সুবিধাভোগী বাছায়ের ক্ষেত্রে একটি স্বচ্ছ ব্যবস্থাপনার মাধ্যমে Targeting Error হ্রাস করাও সংস্থার একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

সেবা দানে শুদ্ধাচারের অনুশীলন নিশ্চিতকরণ, সেবাদানে নতুন ইনোভেশনকে উৎসাহিত প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ২০১৯ সালের মধ্যে ডিজিটালাইজেশন করা হবে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র উপজেলা পর্যায় পর্যন্ত সম্প্রসারণ করা হবে। প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে বিনামূল্যে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, হিয়ারিং টেস্ট, ভিজুয়্যাল টেস্ট, কাউন্সেলিং, প্রশিক্ষণ, সহায়ক উপকরণ ইত্যাদি সেবা প্রদানের লক্ষ্যে ৩২টি ভ্রাম্যমান থেরাপি ভ্যানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের দোরগোড়ায় সেবা পৌছেঁ দেয়া হবে।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ১২.০০ লক্ষ প্রতিবন্ধী ব্যক্তিকে ৪৫.০০ লক্ষ বার শারীরিক ও থেরাপি সেবা প্রদান ;
- অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে ১০.০০ হাজার সুবিধাভোগী অভিভাবককে অটিজমে আক্রান্ত শিশুর জীবনমান উন্নয়নে পরামর্শ সেবা প্রদান ;
- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ৮ হাজার প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ সরবরাহ ;
- জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র ও বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়ের মাধ্যমে ৭৭০৯ জন প্রতিবন্ধী শিশুকে বিশেষ শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় প্রতিবন্ধী কমপ্লেক্স কমপ্লেক্স নির্মান ;

মোঃ আবু হানিফ বেপারী
ব্যক্তিগত কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

উপক্রমণিকা (Preamble)

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এবং এসডিজি ২০৩০ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, **গণপ্রজাতন্ত্রী** বাংলাদেশ সরকার

এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়ে সম্মত হলেন:

মোঃ আবু হানিফ বেপারী
ব্যক্তিগত কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

সেকশন ১

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন এর **রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি**

১.১ রূপকল্প (Vision)ঃ
বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও তাদের স্বার্থ সুরক্ষা।

১.২ অভিলক্ষ্য (Mission)

- আন্তর্জাতিক উদ্যোগ ও সেবা মানের আলোকে এবং জাতিসংঘ ঘোষিত UNCRPD, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩ এর আলোকে বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী জনগোষ্ঠীর স্বাভাবিক জীবন ধারণ, সমমর্যাদা, অধিকার, থেরাপি সেবা ও পুনর্বাসনে সহায়তাসহ পূর্ণ অংশগ্রহণ এবং একীভূত সমাজ ব্যবস্থা নিশ্চিতকরণ।
- প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার জন্য সামাজিক সচেতনতা ও আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন সাধন।
- প্রতিবন্ধী বিষয়ক যাবতীয় কার্যক্রম সমন্বয় সাধন এবং জাতীয় পর্যায়ে নীতি নির্ধারণ ও নীতি বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ ফাউণ্ডেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ১. প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে সেবা ও সহায়তা প্রদান

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
- ২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
- ৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
- ৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
- ৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

- ১. প্রতিবন্ধিতা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
- ২. দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন;
- ৩. দেশের সকল প্রতিবন্ধী ও ঝুকিপূণ প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সেবা ও সহায়তা প্রদান
- ৪. প্রতিবন্ধী বিষয়ক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতাকরণ;
- ৫. সুবিধাবঞ্চিত প্রতিবন্ধী শিশুদের প্রতিপালন, শিক্ষণ, প্রশিক্ষণ ও পুনর্বাসন;
- ৬. প্রতিবন্ধী বিষয়ক কার্যাবলীর সমন্বয় সাধন;

মোঃ আবু হানিফ বেপারী
ব্যক্তিগত কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন